

সামাজিক ও রাজনৈতিক

জীবন

সরকার

(দ্বিতীয় ভাগ)

১) সরকারের দুটি রূপ উল্লেখ কর?

✓ ক) রাজতন্ত্র ও খ) গণতন্ত্র

২) রাজতন্ত্রে প্রকৃত সিদ্ধান্ত গ্রহণের অধিকারী কে?

✓ ক্ষমতায় অধিষ্ঠিত রাজা বা রানি

৩) গণতান্ত্রিক সরকারি ব্যবস্থাপনা কি?

✓ যে ব্যবস্থায় জনগন নির্বাচনে পছন্দের প্রার্থীকে ভোট দিয়ে প্রতিনিধি হিসাবে নির্বাচন করে আবার সেই প্রতিনিধি জনসাধারণের স্বার্থে বিভিন্ন নীতি গ্রহণ করে

৪) পৃথিবীর সবচেয়ে বড় গণতান্ত্রিক দেশের নাম কি?

✓ ভারত

৫) প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক সরকার কি?

✓ যে গণতান্ত্রিক ব্যবস্থায় জনগন সরাসরি সরকারের কাজে অংশগ্রহণ না করে ভোটের মাধ্যমে প্রতিনিধি নির্বাচন করে উক্ত প্রতিনিধির মাধ্যমে সরকার চালানো হয় তাকে প্রতিনিধিত্বমূলক গণতান্ত্রিক সরকার বলা হয়।

৬) সার্বজনীন ভোটাধিকার কি?

✓ জাতি – ধর্ম নির্বিশেষে ১৮ বছরের ও তার চেয়ে বেশি বয়সের সকল প্রাপ্তবয়স্ক নাগরিকদের ভোটদানের অধিকারকে সার্বজনীন ভোটাধিকার বলা হয়।

৭) গণতান্ত্রিক ব্যবস্থায় সরকার কয় বছরের জন্য নির্বাচিত হয়?

✓ পাঁচ বছরের জন্য

৮) কেন্দ্রীয় ও রাজ্য সরকারের জন্য নির্বাচনের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত কে গ্রহণ করেন?

✓ নির্বাচন কমিশন (৩২৪ ধারা)

৯) স্থানীয় স্বায়ত্তশাসনের নির্বাচনের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত কে গ্রহণ করেন?

✓ রাজ্য নির্বাচন কমিশন

১০) কোন কোন মাধ্যমের মাধ্যমে সরকার ও জনসাধারণের মধ্যে যোগসূত্র হয়?

✓ সংবাদপত্র, সাময়িক পত্র, রেডিও ও টেলিভিশন

১১) সরকারের কোন বিভাগ বিভিন্ন নীতি নির্ধারণ করে?

✓ শাসন বিভাগ

১২) সরকারের কোন শাখা অর্ডিন্যান্স জারি করে?

✓ শাসন বিভাগ

১৩) সরকারের বিভিন্ন নীতিকে বাস্তবায়িত করার দায়িত্ব কর উপর রয়েছে?

✓ শাসন বিভাগের অরাজনৈতিক অংশ আমলা গন

১৪) সরকারের কোন বিভাগের উপর সংবিধান ব্যাখ্যা করার দায়িত্ব ন্যস্ত?

✓ বিচার বিভাগের উপর

সমাপ্ত

ধন্যবাদ

